

স্কুল-কলেজের জাতীয়করণ

বিগত মহাজোট সরকারের আমলে প্রধানমন্ত্রী বিভিন্ন এলাকা সফরকালে বিভিন্ন স্কুল-কলেজ জাতীয়করণের প্রতিশ্রুতি দেন। প্রধানমন্ত্রীর দফতর থেকে এ সব প্রতিষ্ঠান জাতীয়করণে প্রধানমন্ত্রীর নীতিগত সিদ্ধান্ত পত্রের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়কে জানানো হয়। এসব প্রতিষ্ঠান জাতীয়করণের খবর বিভিন্ন পত্রিকা মাধ্যমে সারা দেশের মানুষ জানতে পেরেছে। গত বছর জাতীয় সংসদ ও উপজেলা নির্বাচনের সময় এসব প্রতিষ্ঠান জাতীয়করণ করায় মাননীয় প্রধানমন্ত্রী ও স্থানীয় সংসদকে হাজারো ধন্যবাদ জানানো হয়েছে; কিন্তু বাস্তবতা হলো অর্থ মন্ত্রণালয় অর্থ ছাড় না দেয়ায় এসব প্রতিষ্ঠান আচ্ছন্ন জাতীয়করণ করা হয়নি। তাই দীর্ঘ দিন জাতীয়করণের আশায় অপেক্ষমাণ এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। তাই মাননীয় প্রধানমন্ত্রী আপনার প্রতিশ্রুত প্রতিষ্ঠানগুলো জাতীয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এলাকাবাসীর ক্ষোভ দূর করুন। এ ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সহযোগিতা কামনা করছি। আল্লাহ আপনারা সহায় হোন। দেশ এগিয়ে যাক।

মো. সাইফুর রহমান
গের-ই-বাংলা সড়ক, কাশীপুর, বরিশাল